

## টিআইসিআই এর নির্বাহী পরিচালক জনাব সমীর বিশ্বাসের জীবন বৃত্তান্তঃ

- ০১। জনাব সমীর বিশ্বাস ০৯.০৭.২০২০খ্রিঃ তারিখে টিআইসিআই এর নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।
- ০২। জনাব সমীর বিশ্বাস চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৮ সালে ব্যবস্থাপনা বিভাগে বি কম (অনার্স ) এবং ১৯৮৯ সালে প্রথম শ্রেণীতে এম. কম ডিগ্রি অর্জন করেন।
- ০৩। ২৯শে এপ্রিল ১৯৯০ সালে তিনি সহঃ ব্যবস্থাপক হিসেবে বানিজ্যিক ক্যাডারে বিসিআইসিতে যোগদান করেন।
- ০৪। সংস্থায় যোগদানের পর তিনি বিভিন্ন সময় বিসিআইসি প্রধান কার্যালয়ের বিপণন বিভাগ, ক্রয় বিভাগ, সংস্থাধীন বিআইএসএফ লিঃ ও পিইউএফএফএলে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে কর্মরত ছিলেন। তিনি বাংলাদেশে ইউরিয়াম সার শিল্পের পথিকৃত সংস্থাধীন ন্যাচারাল গ্যাস ফাটলাইজার ফ্যাক্টরী লিঃ-এ ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ২৫.০৫.২০১৫ থেকে ১৬.০৭.২০১৬খ্রিঃ পর্যন্ত কর্মরত ছিলেন। পরবর্তীতে ২৩.০৭.২০১৬খ্রিঃ তারিখে টিআইসিআইতে যোগদান করেন এবং KOICA সহায়তায় টিআইসিআইতে বাস্তবায়িত “Modernization and Strengthening of TICI” প্রকল্পের আওতায় Department of Educational Planing affairs প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন এবং DEPA এর বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে বদলীজন্মিত কারনে ০৬.০১.২০১৮খ্রিঃ তারিখে টিআইসিআই হতে অব্যাহতি প্রাপ্ত হয়ে বিসিআইসি প্রধান কার্যালয়ে আইসিটি বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে আইসিটি বিভাগের সক্ষমতা বৃদ্ধিতে তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখেন। আইসিটি বিভাগে কর্মকালীন সময়ে তিনি বিসিআইসিতে ই-জিপি এবং ই-নথি বাস্তবায়নে অগ্রনী ভূমিকা রাখেন।
- ০৫। ১৯৯৪ সালে তিনি Netherland Fellowship Progrmme এর আওতায় স্কলারশীপ নিয়ে Marketing Management & Physical Distribution বিষয়ে ৪ মাসের Advance কোর্স সম্পন্ন করেন। তিনি ESCB, মুন্সিগঞ্জ, গজারিয়া থেকে PPA এবং PPR এর উপর প্রশিক্ষণ গ্রহণ করেন। PPR ট্রেনিং-এ Distinction Marks অর্জন করায় পরবর্তীতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা কমিশনের CPTU, IMED, PPRP-2 এর আওতায় Chartered Institute of Procurement & Supply (CIPS),UK হতে CIPS (Advance Professional Diploma) ডিগ্রি অর্জন করেন। একই বছর তিনি CPTU হতে সাটিফাইড ন্যাশনাল ট্রেনার অন পাবলিক প্রকিউরমেন্ট হিসেবে স্বীকৃতি অর্জন করেন।
- ০৬। ২০১৬ সালে তিনি প্রেষণে ব্র্যাক ইউনিভার্সিটি থেকে Top up Masters হিসেবে Masters in Procurement & Supply Management (MPSM) ডিগ্রি অর্জন করেন এবং একই বছর তিনি Exposure Visit at CIPS (Australia, Melbourne) থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন।
- ০৭। ২০১৮ সালে তিনি ইতালির তুরিনে অবস্থিত ITC - ILO হতে Procurement of Physical Services বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন।
- ০৮। তিনি চট্টগ্রামের পটিয়া উপজেলার একটি সম্ভ্রান্ত হিন্দু পরিবারে ৩১.১২.১৯৬৪ সালে জন্মগ্রহণ করেন। তিনি বিবাহিত এবং পারিবারিক জীবনে দুই সন্তানের গর্ভিত পিতা। তাঁর সহধর্মিনী কলেজে শিক্ষকতা পেশায় নিয়োজিত আছেন।